



৮নং ধামশুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : বড়হাতকোড়া, উপজেলা : দৌলতপুর
জেলা : মানিকগঞ্জ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- খাইউপি/মাঃসভাঃ/২০২৩-৪৬

তারিখ : ৩১/০৭/২০২৩ খ্রি.

জুলাই, ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী:

সভার তারিখ ও সময় : ৩০-০৭-২০২৩ খ্রি., সকাল- ১০.০০ টা।
সভার স্থান : ইউনিয়ন পরিষদ কক্ষ।
সভাপতি : জনাব এ্যাডঃ মোঃ ইদ্রিস আলী
চেয়ারম্যান, ধামশুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, মানিকগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য
সভার সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জুন/২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধন না থাকায় উহা অনুমোদিত হয়।

অতঃপর সভায় বিভাগীয় বিষয়ের উপর সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্ত/কর্মচারী ও ইউপি সদস্য/সদস্যাবৃন্দ আলোচনায় অংশ গ্রহন করেন এবং বিস্তারিত আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। যার বিস্তারিত বিবরণ নিম্নরূপ :

০১। আইন- শৃংখলা সংক্রান্ত :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভাপতি জানান, বর্তমানে আইন শৃংখলা পরিস্থিতি অনেক ভাল। কোথায়ও কোন সমস্যা নেই। হাট-বাজার ও ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে পাহাড়া দেয়ার বিষয়ে আলোচনা করা হয়।	হাট-বাজার ও ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে গ্রামপুলিশদের আইন- শৃংখলা বাহিনীর সাথে রাতে টহলে সহযোগিতা প্রদান ও হাট-বাজার কমিটির সভাপতি/সম্পাদককে রাতে পাহাড়া জোরদার করার জন্য পরামর্শ প্রদান করা হয়।	টহল পুলিশ এবং ইউপি গ্রাম পুলিশ ও সভাপতি/সম্পাদক হাট-বাজার কমিটি ও সংশ্লিষ্ট সকল।

০২। জন্ম নিবন্ধন সংক্রান্ত :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভাপতি জানান, জন্ম নিবন্ধন আইন, ২০০৪ অনুযায়ী সকলের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন বাধ্যতামূলক করেছেন। বিশেষ করে ০-৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন করা জরুরী। এ বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়। তিনি জানান, অত্র ইউনিয়নে ০-৪৫ দিনের জন্ম নিবন্ধনের লক্ষ্যমাত্রা ৩৩ টি এবং ০-৪৫ দিনের মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা ০৯ টি। সার্ভার সমস্যার কারণে এই মাসে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয় নাই। লক্ষ্যমাত্রা পূরণে আলোচনা করা হয়।	জন্ম ও মৃত্যু তথ্য সংগ্রহের জন্য প্রত্যেক গ্রাম পুলিশকে তথ্য সংগ্রহ রেজিস্টার প্রদান করে তথ্য সংগ্রহ করা ও ইপিআই কর্মীদের জন্ম নিবন্ধনে সহযোগিতা প্রদান করার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়।	চেয়ারম্যান, সদস্য, সদস্য, সচিব ও গ্রাম পুলিশ সহ সংশ্লিষ্ট সকলে